



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ময়মনসিংহ পলিটেকনিক ইনসিটিউট
ময়মনসিংহ।
ওয়েব সাইট mpi.edu.bd
ইমেইল-principal.mpi@gmail.com



স্মারকনং-৫৭.০৩.৬১১৩.৩০১.৩৩.০৩০.২১-১৮/২১

তারিখঃ ৩১/৭/২০২৩ খ্রি:

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও দর্শনকে উপজীব্য করে “আমার চোখে বঙ্গবন্ধু” বিষয়ে এক মিনিটব্যাপী ভিডিও চির তৈরি করার জাতীয় প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। অত্র প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থীদেরকে উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

প্রতিযোগিতার নিয়মাবলী :

- ক) ভিডিওটি প্রস্তুত করে মেইল/পেন ড্রাইভ/ড্রাইভ লিংকের মাধ্যমে চিফ ইনস্ট্রুমেন্ট/বিভাগীয় প্রধান (কম্পিউটার) এর নিকট আগামী ০৮ আগস্ট, ২০২৩ তারিখের মধ্যে জমা দিতে হবে। তবে, এক্ষেত্রে ড্রাইভ লিংকের এক্সেস পাবলিক ভিউ থাকতে হবে;
- খ) ভিডিও ধারণের ক্ষেত্রে যেকোন মোবাইল ফোন বা ক্যামেরা নির্বাচন করা যেতে পারে;
- গ) মোবাইলে ভিডিওটি ধারণের ক্ষেত্রে আড়াআড়িভাবে (১৬:৯ অনুপাত) করতে হবে।
- ঘ) ভিডিও ধারণের সময় স্থির ভিডিও পেতে ট্রাইপড বা ষ্ট্যান্ড ব্যবহার করা সব থেকে সুবিধাজনক হবে;
- ঙ) ভিডিও ধারণের সময় অপ্রয়োজনীয় শব্দ (নয়েজ) বাদ দিতে হবে;
- চ) ভিডিওতে বক্তব্য স্পষ্ট হতে হবে;
- ছ) কপিরাইট রয়েছে এমন ভিডিও বা অডিও ব্যবহার থেকে বিরত থাকতে হবে;
- জ) ভিডিওটির ব্যাপ্তি সর্বোচ্চ ০১ মিনিট হতে হবে;
- ঝ) ভিডিও সম্পাদনার সময় লক্ষ্য রাখতে হবে যেন দর্শকের দৃষ্টিকোণ থেকে যথাযথভাবে ভিডিওটি উপস্থিতিপন্থ হয়;
- ঝঃ) ভিডিওর মধ্যে প্রতিযোগীর নাম, শ্রেণি, প্রতিষ্ঠানের নাম, উপজেলার নাম এবং মোবাইল নম্বর দিতে হবে; এবং
- ঝঃঃ) ভিডিও নির্মাণ সংক্রান্ত যে কোন পরামর্শ বা সহযোগিতা পেতে বিভাগীয় প্রধান কম্পিউটার এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

৩১/৬৭/২৬

(মোঃ শওকত হোসেন)

অধ্যক্ষ(অতিরিক্ত দায়িত্ব)

ময়মনসিংহ পলিটেকনিক ইনসিটিউট

ময়মনসিংহ।

৩১/৭/২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
২. পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩. উপাধ্যক্ষ, অত্র ইনসিটিউট।
৪. চিফ ইনস্ট্রুমেন্ট/বিভাগীয় প্রধান- সিভিল/ইলেক্ট্রিক/মেকাঞ্চ/পাওয়ার/ইলেক্ট্রনিক্স/কম্পিঃ/ই.মেডি, অত্র ইনসিটিউট। আপনার বিভাগের সকল শিক্ষার্থীকে অবহিত করার অনুরোধসহ।
৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা, পরীক্ষা/নিরাপত্তা, অত্র ইনসিটিউট।
৬. তথ্য কর্মকর্তা, অত্র ইনসিটিউট। নোটিশটি প্রতিষ্ঠানের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
৭. নোটিশ বোর্ড, অত্র ইনসিটিউট।
৮. নথি।